

AKASHVANI (AIR)
RNU : KOLKATA
Bengali Text Bulletin

Date: 05.11.2024

Time: 7.35 A.M.

বিশেষ বিশেষ খবরঃ-

১) সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঁধে আজ আরজি কর মামলার শুনানি।

পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঙ্গে রায়ের বিরুদ্ধে চার্জশিট পেশের ২৮ দিনের মাথায় গতকাল চার্জ গঠন প্রক্রিয়া শেষ হয়েছে।

২) আরজি কর-কাণ্ডে নির্যাতিতার ন্যায়বিচার নিশ্চিত করার দাবিতে গতকাল ৮০টিরও বেশি সংগঠনের যৌথ 'অভয়া মঞ্চ কলকাতা সহ রাজ্যের বিভিন্ন জেলায় দ্রোহের আলো কর্মসূচিতে পথে নামে।

৩) রাজ্য সরকার, ছটপুজো উপলক্ষ্যে পুন্যার্থীদের নিরাপত্তায় নদী বা জলাশয়ের ঘাটগুলি পরিদর্শন করে আগামীকালের মধ্যে সব জেলা প্রশাসনকে রিপোর্ট জমা দেওয়ার নির্দেশ দিয়েছে।

৪) দিওয়ালি ও ছট উৎসব উপলক্ষ্যে যাত্রী চাহিদার কথা বিবেচনা করে পূর্ব রেল অতিরিক্ত দু 'জোড়া ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে।

৫) চলতি রঞ্জি ট্রফির পর বাংলার প্রাক্তন টেস্ট ক্রিকেটার ঋদ্ধিমান সাহা অবসর নিতে চলেছেন।

সুপ্রিম কোর্টে প্রধান বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড়ের বেঞ্চে আজ আরজি কর মামলার শুনানি হবে। রাজ্যে সিভিক ভলান্টিয়ার নিয়োগ নিয়ে এর আগের শুনানিতে শীর্ষ আদালত, রাজ্য সরকারের কাছে বেশ কিছু প্রশ্ন তুলেছিল। আর জি কর হাসপাতালে তরুণী চিকিৎসকের ধর্ষণ ও খুনে সিবিআই, সিভিক ভলান্টিয়ার সঞ্চয় রায়কে প্রধান অভিযুক্ত হিসাবে দেখানোর প্রেক্ষিতে রাজ্য সরকার কিভাবে কোন ক্ষমতাবলে কি পদ্ধাতিতে সিভিক ভলান্টিয়ার নিয়োগ করছে, তা নিয়ে প্রশ্ন করা হয়। আজ শীর্ষ আদালতে রাজ্য সরকারকে জবাবদিহি করতে হবে। একইসঙ্গে সুপ্রিম কোর্ট নির্দেশিত জাতীয় টাক্ষফোর্সের প্রাথমিক সুপারিশও পেশ হওয়ার সম্ভাবনা রয়েছে।

আগামী ১০ ই নভেম্বর প্রধান বিচারপতির পদ থেকে বিচারপতি ডি ওয়াই চন্দ্রচূড় অবসর নেবেন। শুক্রবারই তাঁর শীর্ষ আদালতে কাজের শেষ দিন।

আরজি করে কাণ্ডে পড়ুয়া চিকিৎসককে ধর্ষণ ও খুনের ঘটনায় একমাত্র অভিযুক্ত সিভিক ভলেন্টিয়ার সঞ্চয় রায়ের বিরুদ্ধে চার্জ গঠনের প্রতিক্রিয়া শেষ হয়েছে। ঘটনার ৮৭ দিন এবং সিবিআইয়ের চার্জশিট পেশের ২৮ দিনের মাথায় ওই মামলায় চার্জ গঠন শেষ হল। আগামী ১১ নভেম্বর থেকে প্রতিদিন ওই মামলায় শুনানি হবে বলে শিয়ালদা আদালত জানিয়েছে। সিবিআইয়ের আইনজীবী অবশ্য বলেছেন, প্রাথমিক চার্জশিটের ভিত্তিতে আপাতত বিচারপ্রতিক্রিয়া শুরু হচ্ছে। এখনও পর্যন্ত একজনের নামেই চার্জশিট গঠন হয়েছে। বাকিদের বিরুদ্ধে ষড়যন্ত্র এবং প্ররোচনার অভিযোগের ভিত্তিতে এখনও তদন্ত চলছে।

গতকাল নিশ্চিন্দ্র নিরাপত্তায় অভিযুক্ত সঞ্জয়কে প্রেসিডেন্সি সংশোধনাগার থেকে শিয়ালদহ আদালতে নিয়ে যাওয়া হয়। নিজেকে নির্দোষ বলে দাবি করে ঐ সিভিক ভলান্টিয়ার আদালত থেকে বেরনোর সময় তাকে ফাঁসানো হচ্ছে বলেও অভিযোগ করেন।

এদিকে, ওয়েস্টবেঙ্গল জুনিয়ার ডট্টর্স ফ্রন্টের তরফে ডট্টর কিঞ্জল নন্দ বলেন, ধৃত যে দাবি জানাচ্ছে, তা সিবিআইয়ের খতিয়ে দেখা উচিত।

বাইট

এদিকে আর জি করের খুন ও ধর্ষণের ঘটনায় ধৃত ঐ হাসপাতালের প্রক্রন অধ্যক্ষ সন্দীপ ঘোষ ও টালা থানার প্রাক্রন ওসি অভিজিত মন্ডলকে গতকাল আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

আরজি কর-কাণ্ডে নির্যাতিতার ন্যায়বিচার নিশ্চিত করার দাবিতে গতকাল উই দ্য পিপল অফ ইন্ডিয়া, পশ্চিমবঙ্গ গণ সংস্কৃতি পরিষদ, অল ইন্ডিয়া লইয়ার্স অ্যাসোসিয়েশন ফর জাস্টিস (আইলাজ) এবং পিইউসিএল সহ ৮০টিরও বেশি সংগঠনের যৌথ ‘অভয়া মধ্যে দ্রোহের আলো কর্মসূচিতে, কলকাতার মৌলালি, এইট বি সহ বেশ কয়েকটি জায়গায় মোমবাতি মিছিল গান, কবিতা, বক্তৃতার আয়োজন করা হয়। বক্তব্য রাখেন, অভয়া মধ্যের অন্যতম আহ্বায়ক ডাক্তার পুণ্যবৃত্ত গুণ, ডাক্তার মানস গুমটা, গণতান্ত্রিক আন্দোলনের নেতা দীপক্ষের ভট্টাচার্য প্রমুখ। সভায় ৯ নভেম্বর রাণী রাসমণি রোডে অভয়া মধ্যের জমায়েত এবং চার্জশিট ঘোষণার কর্মসূচিকে সফল করার আহ্বান জানান হয়।

খুন ও ধর্ষণের তিন মাস পূর্তি উপলক্ষ্যে ঐদিনই জুনিয়র ডক্টরস ফ্রন্টের পক্ষ থেকে নানা কর্মসূচী গ্রহণ করা হয়েছে।

অন্যদিকে গতকালই "জাগো নারী জাগো বহিশিখা" ব্যানারে বিভিন্ন জেলা থেকে মহিলারা সিবিআই দপ্তর ঘেরাও অভিযান করেন। প্রতিনিধি দলে উপস্থিত ছিলেন অধাপিকা মেঘেয়ী বর্ধন রায়, বিশিষ্ট চিত্র পরিচালক শতরূপা সান্ধ্যাল, বিশিষ্ট চিকিৎসক নুপুর ব্যানার্জি, সমাজকর্মী ইসমত আরা খাতুন প্রমুখ।

সিবিআই অ্যাসিস্ট্যান্ট এসপির হাতে ডেপুটেশন কপি তুলে দেওয়া হয়।

বর্ধমানের কার্জন গেটের সামনেও মোমবাতি জ্বালিয়ে প্রতিবাদে সামল হন বহু মানুষ। অভয়ার বিচারের দাবিতে জ্বোগানের পাশাপাশি পরিবেশিত হয় সাংস্কৃতিক অনুষ্ঠান। আন্দোলনকারীদের মধ্যে ডক্টর সুবর্ণ গোস্বামী বলেন, যতদিন না অভয়া বিচার পাচ্ছেন, ততদিন তাদের আন্দোলন চলবে।

উত্তর ২৪ পরগনার গাইঘাটা থানার শিমুলপুরে গতকাল নির্যাতিতা নাবালিকার বাড়িতে যান 'পশ্চিমবঙ্গ শিশু অধিকার সুরক্ষা কমিশন'-এর চেয়ারপার্সন অন্যা চক্রবর্তী। ঘটনাস্থল ঘুরে দেখার পর তিনি বনগাঁ আদালতে গিয়ে মেয়েটি ও তার মায়ের সঙ্গে কথা বলেন।

উল্লেখ্য, গত শুক্রবার সন্ধ্যায় টিউশন থেকে বাড়ি ফেরার পথে নাবালিকাকে তুলে নিয়ে গিয়ে প্রতিবেশী যুবক সুজিত পাল ওরফে **বাবুসোনা** ধর্ষণ করে বলে অভিযোগ। এরপর গত শনিবার দুপুরে ওই স্কুল ছাত্রী আত্মহত্যার চেষ্টা করলে ঘটনা প্রকাশে আসে।

এদিকে, আলিপুরদুয়ারের ফালাকাটায় ৬ বছরের বালিকাকে ধর্ষণের ঘটনায় গতকাল তিনি সদস্যের ফরেনিক দল নমুনা সংগ্রহ করে। ফরেনিক বিশেষজ্ঞ ছাড়া কিকরে এই শিশু কন্যার দেহের ময়নাতন্ত্র হল, ঘটনার চারদিনের মাথায় কেন নমুনা সংগ্রহ করা হচ্ছে, তা নিয়ে প্রশ্ন তুলেছেন আলিপুরদুয়ারের সাংসদ মনোজ টিণ্ডা। এই ঘটনাকে অত্যন্ত নক্রারজনক হিসাবে অভিহিত করে তিনি বলেন, যেতাবে মেয়েটিকে ধর্ষণ ও খুন করা হয়েছে তা অকল্পনীয়। ফালাকাটার বিজেপি বিধায়ক দীপক বর্মন বলেন, সরকার বিষয়টি ধামাচাপা দেওয়ার চেষ্টা করছে।

কলকাতার উত্তর শহরতলির লেকটাউনের পাতিপুকুরে এক গৃহবধূকে কটুক্তি করার প্রতিবাদ জানালে তাঁর স্বামীকে বেধরক মারধরের অভিযোগে তিনজনকে গ্রেপ্তার করা হয়েছে। পুলিশ সূত্রে জানা যায়, প্রতিমা নিরঞ্জনের পর বাড়ি ফেরার পথে গত রবিবার রবি রাজভর, মনোজ রাজভর এবং সিরাজ হোসেন নামে তিনি ব্যক্তি এই গৃহবধূকে অশালীন মন্তব্য করে। প্রতিবাদ করতে গেলে স্বামী আক্রান্ত হন। লেকটাউন থানায় অভিযোগ দায়ের করার পর গ্রেপ্তার হয় তিনজন।

রাজ্যে পরপর ঘটে চলা গণধর্ষণ ও হিংসার ঘটনায় উদ্বেগ প্রকাশ করেন রাজ্যপাল সিভি আনন্দ বোস। কলকাতা রাজভবনে গতকাল কার্গিল বিজয় উপলক্ষে আয়োজিত জয় জওয়ান দিবস অনুষ্ঠানে যোগ দিয়ে তিনি বলেন, এই ধরনের অপরাধের পুনরাবৃত্তি রোধে সাধারণ মানুষের আরও সজাগ ও সচেতন হওয়া উচিত।

এদিকে, রাজ্যে একের পর এক ধর্ষণের ঘটনায় উদ্বেগ প্রকাশ করে বিজেপি রাজ্য সভাপতি কেন্দ্রীয় মন্ত্রী সুকান্ত মজুমদার দাবি করেছেন, পশ্চিমবঙ্গ ধর্ষণের রাজধানী হয়ে

উঠেছে। তিনি গতকাল পূর্ব বর্ধমানের কালনার পুরশ্রী হলে সংগঠনিক বৈঠক ও সদস্য সংগ্রহ অভিযান কর্মশালায় যোগ দিয়ে সাংবাদিকদের বলেন, অভয়ার ঘটনায় যেভাবে প্রমাণ লোপাট করা হয়েছে, তার ফলে ন্যাবিচার পাওয়ার সম্ভাবনা ক্ষীণ বললেই চলে।

প্রদেশ কংগ্রেস সভাপতি শুভক্ষণ সরকারও দাবি করেছেন, রাজ্য জুড়ে একের পর এক নারী নির্যাতন ও ধর্ষণের ঘটনা সামাজিক ব্যাধির আকার নিয়েছে। কলকাতায় প্রদেশ কংগ্রেস কার্যালয়ে গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি প্রশাসনের বিরুদ্ধে অভিযোগ তোলেন।

রাজ্য সরকার, ছটপুজো উপলক্ষ্যে পুন্যার্থীদের নিরাপত্তায় নদী বা জলাশয়ের ঘাটগুলি পরিদর্শন করে আগামীকালের মধ্যে রিপোর্ট জমা দেওয়ার জন্যে সব জেলা প্রশাসনকে নির্দেশ দিয়েছে। স্থানীয় প্রশাসনকে সমন্বয় বৈঠকের আয়োজন করতে হবে বলে সরকারি ভাবে এগারো দফা নির্দেশিকা জারি করা হয়েছে।

আগামী বৃহস্পতি ৭ই নভেম্বর ও শুক্রবার ৮ তারিখে ছটপুজোর দিন সব জেলা প্রশাসনকে কন্ট্রোল রুম চালু করার কথা বলা হয়েছে। ঘাটগুলিতে পর্যাপ্ত পুলিশ কর্মী ছাড়াও স্বেচ্ছাসেবক মোতায়েন রাখতে বলা হয়েছে। আবর্জনা পরিষ্কার করার জন্যে ঘাটগুলিতে সব সময় সাফাই কর্মী রাখতে হবে।

এইদিকে ছটপুজো উপলক্ষ্য কে এম ডি এ এলাকায় স্থায়ী ও অস্থায়ী মিলিয়ে ৪০টি ঘাটের ব্যবস্থা করা হয়েছে।

দিওয়ালি ও ছট উৎসব উপলক্ষে যাত্রী চাহিদার কথা বিবেচনা করে পূর্ব রেল অতিরিক্ত দু' জোড়া ট্রেন চালানোর সিদ্ধান্ত নিয়েছে। এই দু' জোড়া স্পেশাল এর মধ্যে এক জোড়া ট্রেন হাওড়া ও Raxaul এর মধ্যে এবং আরেক জোড়া শিয়ালদা ও Gorakhpur এর মধ্যে চলাচল করবে বলে রেল সূত্রের খবর। হাওড়া - Raxaul অসংরক্ষিত স্পেশাল হাওড়া থেকে আজ রাত ১১ টা ৪৫ মিনিটে ছেড়ে আগামীকাল বিকেল ৩ টে ৪৫ মিনিটে Raxaul পৌঁছাবে। এবং ফিরতি পথে ট্রেন টি Raxaul থেকে বিকেল ৪ টে ৫৫ মিনিটে ছেড়ে পরের দিন সকাল সাড়ে ৮ টায় হাওড়া পৌঁছাবে। অন্যদিকে, শিয়ালদা - Gorakhpur অসংরক্ষিত স্পেশাল শিয়ালদা থেকে আজ রাত ১১ টা ৫৫ মিনিটে ছেড়ে আগামীকাল সন্ধ্যা ৮ টা ১৫ মিনিটে গোরখপুর পৌঁছবে এবং ফেরার পথে ট্রেন টি আগামীকাল Gorakhpur থেকে রাত সাড়ে ৯ টায় ছেড়ে পরের দিন সন্ধ্যা ৭ টায় শিয়ালদা পৌঁছাবে।

আগেই জানানো হয়েছে, উৎসব মরশ্মে দক্ষিণ পূর্ব রেল এর অধীনস্থ এলাকায় বিশেষ ট্রেন চলছে। আজ শালিমার - Secunderabad স্পেশাল শালিমার থেকে সকাল ১০ টায় ছাড়বে এবং Hatia - Durg স্পেশাল হাতিয়া থেকে সন্ধ্যা ৮ টা ৫ মিনিটে ছাড়বে বলে দক্ষিণ পূর্ব রেল জানিয়েছে।

ছট পুজোয় গঙ্গা স্নান এবং দণ্ডির কথা মাথায় রেখে রাজ্য সরকারের অনুরোধে পূর্ব রেল, আগামী বৃহস্পতি এবং শুক্রবার চক্র রেল চলাচল নিয়ন্ত্রণ করবে। ওই দু'দিন বেশ কিছু ট্রেনের যাত্রাপথ সংক্ষিপ্ত করা হয়েছে, কিছু ট্রেন বাতিল এবং কিছু ট্রেনকে ঘুর পথে চালানো হবে বলে পূর্ব রেল সূত্রের খবর।

কালীপুজো ও দীপাবলিতে ফাটানো বাজির খোল দীর্ঘদিন ধরে রাস্তায় পড়ে থেকে তাতে জল জমে যাতে মশার আঁতুড়ঘর না তৈরি হয় রাজ্য সরকার সে ব্যপারে উদ্যোগী হয়েছে। রাজ্যের পুর দফতরের পক্ষ থেকে এব্যপারে রাজ্যের সব পুরসভা এবং পুরনিগমকে একটি নির্দেশিকা পাঠানো হয়েছে।

দক্ষিণ ২৪ পরগনার সাগর ও নামখানা ব্লকের একাধিক বেহাল বাঁধ দুদিন ধরে সরজমিনে পরিদর্শন করছেন সেচ দপ্তরের প্রধান সচিব মণীশ জৈন। সঙ্গে আছেন সুন্দরবন উন্নয়ন মন্ত্রী বক্ষিম হাজরা সহ সেচ দপ্তরের আধিকারিকরা। গতকাল সাগরের কশতলা, বক্ষিমনগর, মন্দিরতলা ও গঙ্গাসাগরের সমুদ্রতটের ভাঙ্গন ঘুরে দেখেন। এরপর সন্ধ্যায় জরুরী বৈঠক করেন। আজ নামখানা ব্লকের নারায়ণগঞ্জ, মৌসুনি, ফ্রেজারগঞ্জ এলাকা ঘুরে দেখবেন।

উল্লেখ্য, দীর্ঘদিন ধরে একাধিক প্রাকৃতিক দুর্যোগ ও কোটালের জেরে বেহাল হয়ে পড়েছে সুন্দরবনের অসংখ্য বাঁধ। বেশকিছুতে মেরামতিও চলছে। কিন্তু সেই মেরামতি নিয়ে বিস্তর ক্ষেত্র এলাকার বাসিন্দাদের। বিরোধী রাজনৈতিক দল বিজেপি, সিপিএমের পক্ষ থেকে বাঁধ মেরামতি নিয়ে দুর্নীতির অভিযোগ তোলা হয়েছে। তবে বাঁধ মেরামতি নিয়ে মন্ত্রী বক্ষিম হাজরা কেন্দ্রের বিরুদ্ধে অর্থ না দেওয়ার অভিযোগ তুলেছেন।

বিজেপি মোহনবাগান, ইস্টবেঙ্গল এবং মহাম্যাডান স্পোর্টিং ক্লাবের বিরুদ্ধে নির্বাচনী বিধি ভঙ্গের অভিযোগ করেছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী কেন্দ্রীয় যুব কল্যাণ ও ক্রীড়ামন্ত্রী মনসুখ মান্ডবিয়াকে লেখা এক চিঠিতে জানিয়েছেন, এই তিনি স্পোর্টিং ক্লাবের কয়েকজন শীর্ষ কর্মকর্তা নেহাটিতে আসন্ন বিধানসভা উপনির্বাচনে

তৃণমূল কংগ্রেস প্রার্থীকে সমর্থন করেছেন এবং সোশ্যাল মিডিয়ায় এক ভিত্তিও বার্তায় তা প্রকাশ করা হয়েছে। শ্রী অধিকারী বলেন, স্পোর্টিং ক্লাব এবং তার গভর্নিং বডিতে গুরুত্বপূর্ণ প্রশাসনিক পদে থাকা ব্যক্তিদের এই ধরনের রাজনৈতিক সমর্থন আদর্শ আচরণ বিধি লঙ্ঘন করেছে, এই নিয়ে তদন্ত করার জন্য বিরোধী দলনেতা কেন্দ্রীয় মন্ত্রীর কাছে আর্জি জানিয়েছেন।

চলতি রঞ্জি ট্রফির পর বাংলার প্রাক্তন টেস্ট ক্রিকেটার ঋদ্ধিমান সাহা অবসর নিতে চলেছেন। সামাজিক মাধ্যমে নিজেই এই কথা জানিয়েছেন তিনি।

‘উল্লেখ্য, ঋদ্ধিমান ২হাজার ১০ থেকে ২১ সাল পর্যন্ত দেশের হয়ে ৪০ টি টেস্টে প্রতিনিধিত্ব করেছেন। খেলেছেন ৯ টি টি - টোয়েন্টি ম্যাচ। প্রথম প্রথম শ্রেণীর ক্রিকেটে তিনি ১৫ বছর বাংলার হয়ে খেলেছেন। মাঝে দু বছর তিনি ত্রিপুরাতেও খেলেছেন।

চলতি মরশুমে সৌরভ গাঙ্গুলীর সঙ্গে কথা বলার পর ঋদ্ধি আবার বাংলায় ফিরেছেন। তিনি বলেছেন বাংলার হয়ে শেষবারের মতো প্রতিনিধিত্ব করতে নেমে এবার উল্লেখযোগ্য অবদান রাখতে চাই।
